



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
জেলা পরিষদ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

নম্বর : ৪৬.০০.০০০০.০৪২.২৯.০০৩.১৯.৩২১

তারিখ: ০২ ফাল্গুন ১৪২৮  
১৫ ফেব্রুয়ারি ২০২২

**বিষয় : বৈদেশিক প্রশিক্ষণমূলক সফরে অংশগ্রহণের অনাপত্তি/ মনোনয়ন প্রদান।**


উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ২০২১-২২ অর্থ বছরে স্থানীয় সরকার বিভাগের উদ্যোগে জেলা পরিষদের চেয়ারম্যান ও সরকারি কর্মকর্তাদের নিয়ে যুক্তরাজ্য ও সুইজারল্যান্ডে ১০(দশ) দিন সময়কালের জন্য প্রশিক্ষণ আয়োজনের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হয়েছে। প্রস্তাবিত প্রশিক্ষণমূলক সফরে উক্ত দেশসমূহের স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের উত্তম চর্চা, উন্নয়ন পরিকল্পনা গ্রহণ, বাস্তবায়ন, মনিটরিং ও মূল্যায়ন কার্যক্রম সম্পর্কিত অভিজ্ঞতা বিনিময় করা হবে। এ প্রশিক্ষণে প্রতি জেলা পরিষদের চেয়ারম্যান অথবা প্যানেল চেয়ারম্যান/ চেয়ারম্যান কর্তৃক মনোনীত একজন সদস্যকে মনোনয়ন প্রদান করা হবে।

২। এমতাবস্থায়, উক্ত প্রশিক্ষণমূলক সফরে অংশগ্রহণের বিষয়ে তাঁর (চেয়ারম্যান, জেলা পরিষদ) অনাপত্তি থাকলে, **আগামী ৩(তিন) কর্মদিবসের মধ্যে নিম্নবর্ণিত ছকে তথ্যসহ** অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য, চেয়ারম্যান এর পক্ষে এ প্রশিক্ষণে অংশগ্রহণ করা সম্ভব না হলে, প্যানেল চেয়ারম্যানগণের মধ্য হতে একজনকে মনোনয়ন প্রদানের জন্য অনুরোধ করা হলো। চেয়ারম্যান অথবা প্যানেল চেয়ারম্যান উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণ করতে অপারগ হলে চেয়ারম্যান কর্তৃক মনোনীত একজন সদস্যকে মনোনয়ন প্রদানের জন্য অনুরোধ করা হল।

**তথ্য প্রদানের ছক**

জেলা পরিষদের নাম	জনপ্রতিনিধির নাম ও পদবী [বাংলায় ও ইংরেজিতে (পাসপোর্টের অনুরূপ)]	পাসপোর্টের নম্বর	পাসপোর্টের বৈধতার মেয়াদ

৩। উল্লেখ্য, প্রশিক্ষণে অংশগ্রহণকারীর পাসপোর্টের বৈধতার মেয়াদ বিদেশ ভ্রমণের প্রস্তাবিত তারিখ হতে ন্যূনতম ৬(ছয়) মাস থাকা আবশ্যিক।

  
মোহাম্মদ তানভীর আজম সিদ্দিকী  
উপসচিব  
ফোনঃ ৯৫৭৫৫৬৮  
ই-মেইলঃ [lgzp@lgd.gov.bd](mailto:lgzp@lgd.gov.bd)

চেয়ারম্যান  
জেলা পরিষদ, ..... (সকল)।

অনুলিপি:

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।